# Times Today BD

মো. নাঈম | দেশজুড়ে | 20 May, 2025

ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলার উত্তর চড়াইল এলাকায় সরকারি আশ্রয়ন প্রকল্পের ঘর দখল, মাদক সেবন ও বিক্রি, এবং নানা অপরাধমূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে এলাকাবাসীর উদ্যোগে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২০ মে) সকাল ১০টায় উত্তর চড়াইল পঞ্চায়েত বাজার সংলগ্ন আশ্রয়ন প্রকল্পের ঘরের সামনে এ মানববন্ধন কর্মসূচিতে অংশ নেন স্থানীয় বিভিন্ন শ্রেণীপেশার প্রায় দুই শতাধিক নারী-পুরুষ।

মানববন্ধনে বক্তৃতা দেন হেমায়েত, মধু, উর্মিলা, সুখি, রমেশ, খালেক ও মজনু গাজি।বক্তারা অভিযোগ করে বলেন, সরকারি আবাসনের ঘরগুলো তাসলিমা, ছাবিনা, সুমাইয়া, ছামিয়া, ময়ূরী ও তানিয়া নামের কিছু ব্যক্তি জোরপূর্বক দখল করে সেখানে অনৈতিক কর্মকাণ্ডে লিপ্ত রয়েছেন।তারা মাদক সেবন ও বিক্রিসহ এলাকায় বিশৃঙ্খলা সৃষ্টি করছেন।

এ সময় বক্তারা আরও বলেন, "সরকার যাদের পুনর্বাসনের জন্য ঘর দিয়েছে, সেই ঘর এখন অপরাধীদের নিরাপদ আশ্রয়ে পরিণত হয়েছে। আমরা প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করছি—অবিলম্বে এসব দখলদারদের উচ্ছেদ করে প্রকৃত সুবিধাভোগীদের মাঝে ঘরগুলো হস্তান্তর করতে হবে।"

মানববন্ধন থেকে বক্তারা দ্রুত প্রশাসনিক হস্তক্ষেপ দাবি করে বলেন, "এভাবে চলতে থাকলে আমাদের বসবাস অসম্ভব হয়ে পড়বে। আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশ প্রশাসনের কার্যকর ভূমিকা প্রয়োজন।"

ঝালকাঠি সরকারি আশ্রয়ন,

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:10

URL: https://www.timestodaybd.com/across-the-country/2739775807